দৈনিক
ইত্তেফাক

06 JUN 2016
তারিখ ...
পৃষ্ঠা ... ৮ ... কলাম ... ২ ...

# এইচএসসি পরীক্ষায় কৃষিশিক্ষা প্রথম পত্রে সিলেবাস বহির্ভূত প্রশ্ন

এইচএসসি পরীক্ষার কৃষিশিক্ষা প্রথম পত্রে (তত্ত্বীয়) সিলেবাস বহির্ভূত পাঁচটি প্রশ্ন রয়েছে। ২০১৬ সালের সিলেবাস অনুযায়ী কৃষিশিক্ষা প্রথম পত্রে (তত্ত্বীয়) খ সেটে সিলেবাস ও শিখন ফল বহির্ভূত প্রশ্নগুলো হচ্ছে—১. বাংলাদেশের অর্থনীতিতে পোল্ট্রির গুরুত্ব আলোচনা কর। প্রশ্ন নম্বর ৭। কনড্রিকথিস ও অসটিকথিস শ্রেণির মাছের মধ্যে পার্থক্য লেখ। প্রশ্ন নম্বর ১০। সেচের পানির কার্যকারিতা বৃদ্ধির উপায় সমূহ বর্ণনা কর। প্রশ্ন নম্বর ১১। ভালো বীজের বৈশিষ্ট্য সমূহ উল্লেখ কর। প্রশ্ন নম্বর ১৪। 'গরিবের আপেল' কোন ফলকে বলা হয় এবং কেন? দেশের সকল শিক্ষা বোর্ডে একই প্রশ্ন হওয়ায় এই ভুলের জন্য সারা দেশের কৃষিশিক্ষা বিষয়ের পরীক্ষার্থীরা ক্ষতিগ্রস্ত হয়েছে। তাই সকল শিক্ষা বোর্ডের চেয়ারম্যানসহ সংশ্লিষ্ট সকলকে বিষয়টি বিবেচনা করার জন্য আকুল আবেদন জানাচ্ছি।

**কৃষিবিদ ফরহাদ আহাম্মেদ,**
সহকারী অধ্যাপক, কৃষিশিক্ষা
শহীদ জিয়া মহিলা কলেজ, ভূঞাপুর, টাঙ্গাইল